

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৬৭৪

সোনামুড়া, ২৪, জানুয়ারি, ২০২৪

দেশের সার্বিক বিকাশে কেন্দ্রীয় ও রাজ্য সরকার যৌথভাবে
কাজ করছে : কেন্দ্রীয় সামাজিক ন্যায় ক্ষমতায়ন প্রতিমন্ত্রী

মেলাঘর কালীবাড়ি মাঠে গতকাল থেকে শুরু হয়েছে ৪ দিন ব্যাপী নেতাজী মেলা, স্ব-সহায়ক দলের মেলা এবং সবজী ও পুষ্প প্রদর্শনী অনুষ্ঠান। মেলাঘর পুর পরিষদের উদ্যোগে আয়োজিত এই মেলা আগামী ২৬ জানুয়ারি পর্যন্ত চলবে। কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষণে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, নেতাজী সুভাষ চন্দ্র বসু আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামের উজ্জ্বল বীরত্বের প্রতীক। দেশকে স্বাধীন করে তোলার পাশাপাশি দেশকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে নেতাজীর যেসব স্বপ্ন ছিল সেগুলিকে বাস্তবে পরিণত করার কাজ বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার করছে। তিনি আরও বলেন, দেশের সার্বিক বিকাশের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকার যৌথভাবে দল-মত নির্বিশেষে বিভিন্ন কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পগুলিকে মানুষের কাছে পৌছে দিচ্ছে। মহিলাদের স্বশক্তিকরণ করার জন্য ত্রিপুরা রাজ্য বর্তমানে ৫০ হাজারের অধিক মহিলা স্ব সহায়কদল গড়ে তোলা হয়েছে। এক্ষেত্রে ৫ লক্ষ পরিবারের ৮৩ হাজার মা ও বোনেরা স্বাবলক্ষ্মী হয়ে নিজেদের লাখপতি দিদি করে তুলেছেন। এছাড়া আগামী ২০২৫ সালের মধ্যে সারাদেশের মধ্যে ২ কোটি মহিলাকে লাখপতি দিদি করে তোলার লক্ষ্যমাত্রা কেন্দ্রীয় সরকারের রয়েছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণদেন মেলাঘর পুর পরিষদের উপ-মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অনীশ দেবনাথ। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি তথ্য মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল (রায়)। অনুষ্ঠানে এছাড়াও অতিথি হিসাবে পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন গুরুপদ রায়, কাউন্সিলার গীতা দাস সাহা, সমাজসেবী দেবৰত ভট্টাচার্য সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিক লাল দাস প্রমুখ উপস্থিত ছিলেন।
